

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।
[ভ্যাট বিভাগ]
আদেশ

তারিখ : ২৭ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ/১০ এপ্রিল, ২০১৯ খ্রিষ্টাব্দ

নং ০৮.০১.০০০০.০৬৮.২৪.০০৩.১৪/১৪০—সম্প্রতি স্থানীয়ভাবে সিগারেট পেপার ও বিড়ি পেপার ক্রয় বিক্রয়কারী প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে স্থানীয় পর্যায়ে মূল্য সংযোজন কর যথাযথভাবে প্রদান না করিবার অভিযোগ জাতীয় রাজস্ব বোর্ডের গোচরীভূত হইয়াছে। উদ্ধৃত পরিস্থিতিতে এই খাত হইতে আইনানুগ রাজস্ব আহরণ নিশ্চিত করিবার লক্ষ্যে সিগারেট পেপার এবং বিড়ি পেপার ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে নিম্নবর্ণ শর্তাদি আরোপ করা হইলো, যথা :—

- (ক) স্থানীয় পর্যায়ে সিগারেট পেপার ও বিড়ি পেপার বিক্রয়ের ক্ষেত্রে মূল্য সংযোজন কর বিভাগীয় দপ্তর কর্তৃক ক্রয়কারী (উৎপাদনকারী প্রতিষ্ঠানসহ) প্রতিষ্ঠানের অস্তিত্ব নিশ্চিত করিয়া নিয়মিত দাখিলপত্র প্রদানের বিষয় উল্লেখপূর্বক ইস্যুকৃত প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে বিক্রয় কার্যক্রম সম্পাদন করিতে হইবে;
- (খ) বিক্রয় কার্যক্রম সম্পন্ন হইলে পর বিক্রয়কারী প্রতিষ্ঠান বিষয়টি সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় দপ্তরকে (ক্রেতা প্রতিষ্ঠানে যে বিভাগের অধিক্ষেত্রে অবস্থিত) ইমেইল ও ডাকযোগে ক্রেতার নাম, ঠিকানা, মূসক চালান নম্বর, তারিখ, বিক্রয়কৃত পণ্যের নাম ও পরিমাণ উল্লেখ করিয়া অবহিত করিবে; এবং
- (গ) পণ্য মূসক-১৬ রেজিস্টারে এন্ট্রি করাসহ উক্ত ক্রয় সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর আহরণ নিশ্চিত করিবার লক্ষ্যে কমিশনার যথাযথ তত্ত্বাবধান করিবেন।

(১৪৭৫৩)

মূল্য : টাকা ৪.০০

০২। আলোচ্য স্থানীয় ক্রয় বিক্রয়কারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে উল্লিখিত শর্তাদির কোনরূপ ব্যত্যয় পরীলক্ষিত হইলে সংশ্লিষ্ট কমিশনার অনতিবিলম্বে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবে।

০৩। এই আদেশ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জারি করা হইলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

হাছান মুহম্মদ তারেক রিকাবদার

প্রথম সচিব (মুসক-নীতি)।